

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড়
doict.debiganj.panchagarh.gov.bd



স্মারক নং: ৫৬.০৪.৭৭৩৪.০০০.০০০.১৪.০০০১.২৬-০৬

তারিখ: ১৮ মাঘ ১৪৩২ ব.
০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

বিষয়: ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় End User Connectivity প্রদান পরবর্তী গ্রাহক পর্যায়ে প্রশিক্ষণ ও চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১। ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের স্মারক নম্বর- ৫৬.০৪.০০০০.১০৬.০৭.০০.০০১.২৪.১৩৩৯; তারিখ: ০৫/০১/২০২৬ খ্রি.

২। ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের স্মারক নম্বর- ৫৬.০৪.০০০০.০০০.১০৪.১৮.০০০১.২২.৮৪; তারিখ: ১৮/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এই উপজেলার মোট ১৬৯ টি প্রাথমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং বিভিন্ন সরকারি অফিসে ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের অধিনে টেলিওয়ার কমিউনিকেশন আইএসপি ভেডর কোম্পানির মাধ্যমে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। আইএসপি কর্তৃক প্রদানকৃত ইন্টারনেট সংযোগের সার্বক্ষণিক রক্ষণাবেক্ষণ, অপারেশন, চাহিদা মোতাবেক ব্যান্ডউইথ সরবরাহ এবং গ্রাহক কর্তৃক ব্যান্ডউইথের মূল্য পরিশোধের জন্য ত্রি-পক্ষীয় চুক্তি সম্পাদনের নির্দেশনা রয়েছে। এমতাবস্থায়, প্রথম দুই ব্যাচে এই উপজেলার ইন্টারনেট সংযোগকৃত মোট ১০০ টি প্রাথমিক বিদ্যালয়ের সাথে (তালিকা সংযুক্ত) ত্রি-পক্ষীয় চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান ও ইন্টারনেট ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ নিম্নোক্ত ছক মোতাবেক আয়োজন করা হবে।

ক্র. নং	ব্যাচ নং	প্রশিক্ষণ ও চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের তারিখ ও সময়	স্থান
০১	ব্যাচ-০১	০৫/০২/২০২৬ খ্রি. সকাল ৯:০০ ঘটিকা	উপজেলা পরিষদ হলরুম, দেবীগঞ্জ, পঞ্চগড়
০২	ব্যাচ-০২	০৫/০২/২০২৬ খ্রি. দুপুর ২:০০ ঘটিকা	

২। গ্রাহক পর্যায়ে প্রশিক্ষণ ও চুক্তি স্বাক্ষরের উদ্বোধনী অনুষ্ঠানে আইসিটি অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক মহোদয়, ইডিসি প্রকল্পের সম্মানিত প্রকল্প পরিচালক মহোদয় অনলাইনে জুমে এবং স্থানীয় আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত থাকবেন।

৩। গ্রাহক পর্যায়ে প্রশিক্ষণ ও চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অংশগ্রহণের সময় বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাঁর নামীয় বিদ্যালয়ের সিল সঞ্চে নিয়ে আসার জন্য অনুরোধ করা হলো।

৪। নির্দিষ্ট তারিখ, সময়, ব্যাচে প্রশিক্ষণ ও চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অংশগ্রহণ করতে হবে। কর্তৃপক্ষের অনুমতি ব্যতির অনুপস্থিত থাকা এবং ব্যাচ ও তারিখ পরিবর্তন করা যাবে না।

এমতাবস্থায়, ইডিসি প্রকল্পের অধিনে টেলিওয়ার কমিউনিকেশন আইএসপি কর্তৃক এই উপজেলার ইন্টারনেট সংযোগকৃত মোট ১০০ টি প্রাথমিক বিদ্যালয়ের সাথে ত্রি-পক্ষীয় চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান ও ইন্টারনেট ব্যবহার বিষয়ক প্রশিক্ষণে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক/দায়িত্বপ্রাপ্ত শিক্ষককে অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

(১) ব্যাচ-০১ এ অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের তালিকা

(২) ব্যাচ-০২ এ অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের তালিকা

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
দেবীগঞ্জ, পঞ্চগড়।



(০১/০২/২০২৬)

মোঃ ইলিয়াজ হোসেন

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড়।

☎ ০১৭৫১-১১৯০৭৩

✉ ictoffice.debiganj@gmail.com

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালক এর দপ্তর, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড়।
- ৪। প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পঞ্চগড়।
- ৫। ম্যানেজিং ডিরেক্টর (এমডি), টেলিওয়্যার কমিউনিকেশন, ঠাকুরগাঁও (ত্রি-পক্ষীয় চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান ও প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।